যুগান্তর

তারিখ ১২ APR 2017
পৃষ্ঠা ২ কলাম ৬

# যবিপ্রবি মাতালেন এশিয়ার সেরা তরুণ উদ্যোক্তা ওসামা বিন নূর

যশোর ব্যুরো

যুক্তরাষ্ট্রভিত্তিক সাময়িকী ফোর্বস এশিয়ার সেরা অনূর্ধ্ব-৩০ বছরের তরুণ সামাজিক উদ্যোক্তা ওসামা বিন নূর বলেছেন, নতুন কোনো কিছু শুরু করতে গেলে ভয়কে জয় করতে হবে। ভয়কে অতিক্রম করতে না পারলে, জীবনে এটিই সবচেয়ে বড় বাধা হয়ে দাঁড়াবে। মঙ্গলবার দুপুরে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (যবিপ্রবি) মিলনায়তনে বঙ্গবন্ধু ক্যারিয়ার ক্লাব আয়োজিত 'অ্যাকসেস লিড টু সাকসেস' শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। এতে বিশেষ বক্তা হিসেবে নিজের জীবনের সাফল্যের স্বপ্নগাথা শিক্ষার্থীদের সঙ্গে আলোচনা করেন বাংলাদেশের কৃতীসন্তান ওসামা। উদ্বুদ্ধ করেন শিক্ষার্থীদের।

ওসামা বিন নূর বলেন, বড় কিছু করতে হলে ছোট সুযোগগুলো এখনই কাজে লাগাতে হবে। কোনো সুযোগকেই হাতছাড়া করা যাবে না। দীর্ঘ বক্তৃতায় বাংলাদেশের শিক্ষার্থীদের জন্য দেশ-বিদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠানের বৃত্তি, ইন্টার্নশিপ, ফেলোশিপ, ওয়ার্কশপ, স্বেচ্ছায় অংশগ্রহণমূলক কর্মকাণ্ড এবং প্রতিযোগিতায় অংশগ্রহণের পদ্ধতি নিয়ে তিনি উন্মুক্ত আলোচনা করেন।

এজন্য ওসামা গড়ে তুলেছেন 'ইয়ুথ অপরচুনিটিস' নামের একটি প্ল্যাটফর্ম। তিনি জানালেন, অনলাইনভিত্তিক 'ইয়ুথ অপরচুনিটিসের' মাধ্যমে সারা বিশ্বের বিভিন্ন ধরনের বৃত্তি, বিভিন্ন প্রতিষ্ঠান আয়োজিত প্রশিক্ষণ, ইন্টার্নশিপ এবং প্রতিযোগিতার খবর জানানো হয়। যার ওয়েব ঠিকানা হচ্ছে (www.youthop.com). বিশ্বের ২০০টিরও বেশি দেশ থেকে তাদের এই ওয়েবসাইটে বিভিন্ন তথ্যের জন্য সবাই ঢুঁ মারে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং......
তারিখ......
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর